



ঈদ শুভেচ্ছা কার্ড - ২০২৪ মুদ্রণের জন্য দরপত্র আহ্বান

পূবালী ব্যাংক লিমিটেড এর গ্রাহকদের জন্য পবিত্র ঈদ-উল ফিতর ২০২৪ উপলক্ষে শুভেচ্ছা কার্ড মুদ্রণের জন্য মুদ্রণ সংস্থার কাছ থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা হচ্ছে। মুদ্রণ সংক্রান্ত বিস্তারিত তথ্যঃ

ক্রম	বিবরণ	
০১	ঈদ শুভেচ্ছা কার্ড (খামসহ)	শুভেচ্ছা কার্ডঃ
		ছাপার ধরণ : অফসেট প্রিন্ট (উভয় পার্শ্ব - ভিতর ও বাহির)
		মাপঃ ৬.৭৫" X ৫" (ভাঁজ ছাড়া ১৩.৫" X ৫")
		রং : ৪ রং
		কাগজ : ৩০০ গ্রাম আর্ট কার্ড
		অন্যান্য : উপ-মহাব্যবস্থাপক ও তদুর্ধ্ব কর্মকর্তাদের নাম মুদ্রণ
		লেমিনেশন : ম্যাট / গ্লোসী এবং স্পট লেমিনেশন
		সংখ্যাঃ ৪০০০০ টি
		খামঃ
		ছাপার ধরণ : অফসেট প্রিন্ট
		রং : ৪ রং
		কাগজ : ১২০ গ্রাম ম্যাট পেপার
		সংখ্যাঃ ৪০০০০ টি
		• জনসংযোগ সেল হতে শুভেচ্ছা কার্ড এর নমুনা সংগ্রহ করতে হবে।
সরবরাহ	ঈদ শুভেচ্ছা কার্ড (খামসহ) মুদ্রণকারী প্রতিষ্ঠানের সম্পূর্ণ নিজ খরচে ব্যাংকের প্রধান কার্যালয় এর ১৩ তম তলায়, সকল আঞ্চলিক কার্যালয় এবং সকল কর্পোরেট শাখায় পৌঁছে দিতে হবে।	

০১. **দরপত্র সিডিউল সংগ্রহ ও জমাদানঃ** আগামী ১৩ মার্চ ২০২৪, বুধবার সকাল ১১.০০ টার মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ের সংস্থাপন ও সাধারণ সেবা বিভাগে (১৩ তলা) রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিলের শেষ সময় নির্ধারিত করা হয়েছে। একই দিন বেলা ১১.৩০ মিনিটে দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

০২. **দরদাতা প্রতিষ্ঠানের যোগ্যতাঃ** অফসেট প্রিন্টিং কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা এবং যেকোন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে ন্যূনতম ৫,০০০ পিস শুভেচ্ছা কার্ড মুদ্রণ ও সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে। আগ্রহী দরদাতা প্রতিষ্ঠান সমূহকে হালসন নাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট/টার্নওভার ট্যাক্স রেজিস্ট্রেশন সনদ, টি.আই.এন নম্বরসহ আয়কর পরিশোধের সনদ, ব্যাংক সলভেন্সী সনদ, পূর্ব কাজের অভিজ্ঞতা সনদ প্রভৃতিসহ প্রামাণিক কাগজপত্রাদি দাখিল করতে হবে।

০৩. **বিশেষ দৃষ্টব্যঃ** কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। কার্যাদেশ প্রদানের ক্ষেত্রে সর্বনিম্ন দর প্রদান একমাত্র বিবেচ্য বিষয় নয়, প্রতিযোগিতামূলক দরে মানসম্মত কাজ গ্রহণযোগ্য। কর্তৃপক্ষ এক বা একের অধিক প্রতিষ্ঠানকে কাজ বন্টন করে দেয়ার ক্ষমতা সংরক্ষণ করেন।

- জনসংযোগ কর্মকর্তা